

শ্রীরামকৃষ্ণ আশ্রম ইনস্টিটিউট

শ্রেণি- প্রথম
বিষয়- বাংলা

হওয়া, থাকা, কাজ করা বোঝায় এমন শব্দ

১) পাখা, শিউলি, আমরা, হয়, পড়ি, মাঝি, আছে, সূর্য, হও, তোমরা, ঘোরে, সে, ফোটে, যাও, ওঠে, চালায়, যায়

ক) উপরের শব্দগুলি থেকে নাম বোঝায় এমন শব্দ কোনগুলি?

উঃ- পাখা, শিউলি, সূর্য, মাঝি।

খ) উপরের শব্দগুলি থেকে নামের পরিবর্তে বসে এমন শব্দ কোনগুলি?

উঃ- আমরা, তোমরা, সে।

গ) উপরের শব্দগুলি থেকে হওয়া বোঝায় এমন শব্দ কোনগুলি?

উঃ- হয়, হও।

ঘ) উপরের শব্দগুলি থেকে থাকা বোঝায় এমন শব্দ কোনটি?

উঃ- আছে।

ঙ) এবার নাম বোঝায় এমন শব্দ, নামের পরিবর্তে বসে এমন শব্দ, হওয়া বোঝায় এমন শব্দ, থাকা বোঝায় এমন শব্দ ছাড়া আর কোন কোন শব্দ পরে রইল?

উঃ- পড়ি, ঘোরে, ফোটে, যাও, ওঠে, চালায়, যায়।

২) উপরের শব্দগুলির সাথে নাম বোঝায় এমন শব্দ ও নামের পরিবর্তে বসে এমন শব্দ মিলিয়ে লেখো:-

পাখা পড়ি

শিউলি ঘোরে

সূর্য চালায়

মাঝি ফোটে

আমরা ওঠে

তোমরা যায়

সে যাও

উঃ-পাখা ঘোরে, শিউলি ফোটে, সূর্য ওঠে, মাঝি চালায়, আমরা পড়ি, তোমরা যাও, সে যায়।

৩) বাক্যে প্রয়োগ করো :-

পাখা জোরে ঘোরে।

শিউলি রাতে ফোটে।

সূর্য পূর্বদিকে ওঠে।

মাঝি নৌকা চালায়।

আমরা বই পড়ি।

তোমরা বিদ্যালয়ে যাও।

সে বাজারে যায়।

৪) তুমি ঘুম থেকে উঠে রাতে ঘুমোতে যাওয়ার আগে পর্যন্ত সারাদিন কী কী করো?

উঃ- খাও,পড়ো,খেলা ইত্যাদি।(নিজে যা করো)

৫) তাহলে পড়ি, ঘোরে, ফোটে,যাও, ওঠে, চালায়, যায়,খাও,পড়ো,খেলা ইত্যাদি শব্দগুলি নাম বোঝায় এমন শব্দ ও নামের পরিবর্তে বসে এমন শব্দের কী করা বোঝাচ্ছে?

উঃ- কাজ করা বোঝাচ্ছে।

***কাজ করা বোঝায় এমন শব্দ ছাড়া বাক্য সম্পূর্ণ হয় না।

***বাড়িতে অভ্যাস করবে।

নিচের বাক্যগুলো থেকে হওয়া, থাকা ও কাজ করা বোঝায় এমন শব্দ খুঁজে বের করো:-

ক) লোকটি সৎ।

খ) ছেলেরা মাঠে খেলে।

গ)মা ঠাকুর ঘরে আছেন।

ঘ) আমার গাড়িটি নতুন।

বিঃদ্রঃ

- ছাত্র-ছাত্রীদের পাঠ যদি বুঝতে সমস্যা হয়, তবে নিজের বক্তব্য Comment Box- এ পাঠাও।
- নিজের নাম, শ্রেণি, বিভাগ, ক্রমিক সংখ্যা ও যোগাযোগ নম্বর উল্লেখ করবে।
- আমরা সরাসরি তোমাদের সাথে যোগাযোগ করে নেবো।